

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date : 29-07-2025**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**DAJ-GUA Foundation Stone Laying :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ পিএম জনমন ও ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযান প্রকল্পে শান্তিরবাজার মহকুমার ৪টি স্কুলের ৬টি জনজাতি ছাত্রাবাসের ভার্চুয়ালী ভিত্তি প্রস্তর স্থাপন করবেন। জোলাইবাড়ি ব্লকের কোয়াইফাং কমিউনিটি হল, বকাফা ব্লকের নারাইফাং হাইস্কুল, বকাফা আশ্রম দ্বাদশ স্কুল এবং বিনয়প্রসাদ পাড়া হাইস্কুলে আয়োজিত এই অনুষ্ঠানগুলিতে উপস্থিত থাকবেন সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া, বিধায়ক প্রমোদ রিয়াং, মাইলাফরু মগ সহ প্রশাসনিক আধিকারিকরা।

\*\*\*\*\*

**Governer Visit :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ গোমতি জেলার বাগমা এগ্রি প্রোডিউসার কোম্পানির ক্যাম্পাস পরিদর্শন করবেন। কোম্পানির এমডি সুদীপ মজুমদার জানিয়েছেন গ্রামীণ মানুষের জনজীবনের সুবিধার্থে কোম্পানি কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন উন্নয়নমূলক এবং জীবিকা নির্বাহের বিভিন্ন প্রাথমিক কাজে যুক্তদের সঙ্গে রাজ্যপাল মত বিনিময় করবেন। কৃষি-ব্যবসা এবং কৃষকদের আর্থিক ক্ষমতায়ন বিষয়ে এক আলোচনা সভায়ও যোগ দেবেন তিনি।

\*\*\*\*\*

**Lok Sabha :**

পহেলগাঁওয়ে জঙ্গি হামলার প্রত্যুত্তরে অপারেশন সিন্দুর অভিযান নিয়ে লোকসভায় গতকাল আলোচনা হয়েছে। আলোচনার সূচনা করে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেন, এই অভিযানের মাধ্যমে সরকার পাকিস্তানকে

করা বার্তা দিয়েছে যে সন্ত্রাসবাদ এবং আলোচনা একই সঙ্গে চলতে পারে না। আগামী দিনে পাকিস্তানের দিক থেকে কোনোরকম উস্কানিমূলক পদক্ষেপ নেয় তাহলে অপারেশন সিন্দুর পুনরায় চালু হবে বলে সে দেশকে সতর্ক করে দেন তিনি।

##### Rajnath Singh #####

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর বলেন, পহেলগাম হামলার বৈশ্বিক ধারণা গঠনের জন্য সরকার এই পদক্ষেপ নিয়েছে এবং পাকিস্তানের দীর্ঘস্থায়ী সীমান্ত সন্ত্রাসবাদের বিষয়টি আন্তর্জাতিক সম্প্রদায়ের সামনে তুলে ধরার চেষ্টা করেছে।

\*\*\*\*\*

**Jitendra Singh :**

ভূ-বিজ্ঞান মন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং গতকাল ভূ-বিজ্ঞান মন্ত্রকের আওতাধীন বিভিন্ন প্রতিষ্ঠান দ্বারা তৈরি ১৪টি প্রধান পণ্য এবং উদ্যোগের সূচনা করেছেন। নতুনদিল্লিতে মন্ত্রকের ১৯তম প্রতিষ্ঠা দিবস উদযাপন অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে ডঃ সিং বিজ্ঞান-চালিত নাগরিক পরিষেবা সম্পর্কে জনসাধারণের আরও গভীর সম্পৃক্ততা এবং ব্যাপক সচেতনতার আহ্বান জানান।

\*\*\*\*\*

**Package Story-PMKVY :**

দেশের আর্থ-সামাজিক উন্নয়নে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনা। যা দেশের যুব সমাজকে আত্মনির্ভর করে তুলতে বিশেষ ভূমিকা পালন করছে। এই নিয়ে একটি প্রতিবেদন।

#####VC#####

\*\*\*\*\*

**Poshan shakti :**

প্রধানমন্ত্রী পোষণ শক্তি নির্মাণ প্রকল্পের আওতায় সরকার সারা দেশে প্রায় ১১ কোটি শিশুকে গরম ও পুষ্টিকর খাবার সরবরাহ করেছে। লোকসভায় এক লিখিত জবাবে শিক্ষা প্রতিমন্ত্রী জয়ন্ত চৌধুরী বলেন, এই প্রকল্পটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির সঙ্গে অংশীদারিত্বে বাস্তবায়িত কেন্দ্রীয় সহায়তা প্রাপ্ত প্রকল্পগুলির মধ্যে একটি, যা বাল বাটিকা এবং সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলের প্রথম থেকে অষ্টম শ্রেণীর সকল শিশুদের জন্য প্রযোজ্য।

\*\*\*\*\*

### **PM Vikshit Bharat Rojgar Yojana :**

পি এম বিকশিত ভারত রোজগার যোজনা নিয়ে গতকাল ধর্মনগরের মহেশপুর চা বাগানে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বিভিন্ন সংস্থার কর্মদাতাদের নিয়ে সভায় ই পি এফ কমিশনার এল জে মারান্ডী পিএম বিকশিত ভারত রোজগার যোজনার অন্তর্গত কর্মী এবং কর্মদাতাদের বিভিন্ন সুবিধা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। সভায় এনফোর্সমেন্ট অফিসার প্রশান্ত কর্মকার এবং সুপার ভাইজার ত্রিবেণী সাহাও উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

### **First Division :**

টিএফএ পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলাটি ড্র হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত ফরোয়ার্ড ক্লাব ও টাউন ক্লাবের খেলা ১-১ গোলে শেষ হয়। ফলে উভয় দল পয়েন্ট ভাগ করে।

\*\*\*\*\*

### **Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৮ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*